# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১৬

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَاب مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ يَقُولُ كُنْتُ أَسِيرُ مَعَ ابْنِ عَبَّاسٍ فِي طَرِيقِ مَكَّةَ لَيْلًا وَكَانَ يُحَدِّثُنِي بِالْحَدِيثِ فَأَكْتُبُهُ فِي وَاسِطَةِ الرَّحْلِ حَتَّى أُصْبِحَ فَأَكْتُبَهُ

إسناده صحيح

বাংলা

৫১৬. উছমান ইবনু হাকীম বলেন, আমি সাঈদ ইবনু জুবাইরকে বলতে শুনেছি, তিনি বলেন: আমি এক রাতে ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা’র সাথে সাথে মক্কার পথে চলছিলাম। তিনি আমাকে হাদীস বর্ণনা করছিলেন আর আমি উটের পিঠে আরোহণের জন্য রক্ষিত কাঠখণ্ডে তা লিখতে লাগলাম। সকাল হলে আমি (তা অন্যত্র) লিখে নিলাম।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা, ৯/৫১ নং ৬৪৮৫; ইবনু আব্দুল বারর, জামি’ বায়ানুল ইলম নং ৪০৫ সহীহ সনদে; খতীব, তাক্বয়ীদুল ইলম পৃ: ১০২-১০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসমান ইবনু হাকীম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন